

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

পোশাক পরিধানের দু'আ

যিকর নং ১৭৫: পোশাক পরিধানের দু'আ

الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي هَذَا التَّوْبَ وَرَزَقَنِيهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّي وَلا قُوَّةٍ

উচ্চারণঃ আল'হামদু লিল্লা-হিল্লাযী কাসা-নী হা-যাসসাওবা ওয়া রাযাকানীহি মিন গাইরি 'হাওলিম মিন্নী ওয়ালা-কুওয়াহ।

অর্থ: প্রশংসা আল্লাহর, যিনি আমাকে এই পোশাক পরিধান করিয়েছেন এবং আমাকে তা প্রদান করেছেন, আমার কোনো অবলম্বন ও ক্ষমতা ছাড়াই।

রাসূলুল্লাহ (সা.) বলেছেন, "যদি কেউ পোশাক পরিধানের সময় এই কথাগুলি বলে তাহলে তার পূর্বাপর সকল (সাধারণ সগীরা) গোনাহ ক্ষমা করা হবে।"[1]

যিকর নং ১৭৬ : নতুন পোশাক পরিধানের দু'আ

اللَّهُمَّ لَكَ الحَمْدُ أَنْتَ كَسَوتَنِيه أَسْأَلِك خَيرِهِ وخَيْرَ ما صُنع لَهُ وأَعُوذُ بِكَ مِنْ شرِّه وشرَّ ما صُنِعَ لَهُ

উচ্চারণঃ আল্লা-হুমা লাকাল 'হামদু, আনতা কাসাওতানীহি। আসআলুকা খাইরাহু ওয়া খাইরা মা সুনি'আ লাহূ, ওয়া আ'ঊযু বিকা মিন শাররিহী ওয়া শাররি মা সুনি'আ লাহূ।

অর্থঃ হে আল্লাহ, আপনারই সকল প্রশংসা। আপনি আমাকে এইটি পরিধান করিয়েছেন। আমি আপনার নিকট প্রার্থনা করছি এর কল্যাণ এবং এর উৎপাদনের কল্যাণ। আমি আপনার আশ্রয় গ্রহণ করছি এর অকল্যাণ এবং এর উৎপাদনের অকল্যাণ থেকে।[2]

যিকর নং ১৭৭ : নতুন পোশাক পরিহিতেরে জন্য দু'আ

تبلى ويخلف الله تعالى

উচ্চারণঃ তুবলা- ওয়া ইউখলিফুল্লা-হু তা'আ-লা।

অর্থঃ "এই পোশাক অতি ব্যবহারে নষ্ট হোক এবং আল্লাহ এর বদলে অন্য পোশাক প্রদান করুন। (আল্লাহ



আপনাকে দীর্ঘজীবন প্রদান করুন যাতে আপনি এই নতুন পোশাক ব্যবহার করে নষ্ট করে নতুন পোশাক ব্যবহারের সুযোগ পান)।" সাহাবীগণ কাউকে নতুন পোশাক পরতে দেখলে এই দু'আ করতেন।[3][

ফুটনোট

- 1] তিরমিয়ী ৫/৫০৮, ৩৪৫৮, আবু দাউদ ৪/৪২, নং ৪০২৩, ইবনু মাজাহ ১/১০৩৯, নং ৩২৮৫।
- [2] তিরমিয়ী ৪/২৩৯, নং ১৭৬৭, সুনানু আবী দাউদ ৪/৪১, নং ৪০২০, হিসনুল মুসলিম, পৃ. ১৭।
- [3] সুনানু আবী দাউদ 8/83-82, नং 8020।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8844

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন